ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ (আইএসটিসিএল)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ – জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


উপক্রমণিকা ............ ০৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............ ০৪

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ............ ০৬

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ............ ০৭-০৮

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms) ............ ১০

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি ............ ১১

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা ............ ১২

# উপক্রমণিকা (Preamble)

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of ICB Securities Trading Company Ltd.)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

১. আলোচ্য সময়ে মোট নিট মুনাফার পরিমাণ ১০.৪৪ কোটি টাকা;

২. প্রতিষ্ঠালগ্ন থেকে শেয়ারমালিকগণকে ধারাবাহিকভাবে লভ্যাংশ প্রদান করা হচ্ছে। আলোচ্য সময়ে শেয়ার মালিকগণকে মোট ৬.০৭ কোটি টাকা লভ্যাংশ বিতরণ করা হয়েছে;

৩. আলোচ্য সময়ে ২,১৪৮ টি ব্যক্তি হিসাব ও ৩৪ টি প্রাতিষ্ঠানিক বিও হিসাব খোলা হয়েছে। এ ছাড়াও, ২০১৭-১৮ অর্থবছরের মার্চ পর্যন্ত ৫১২ টি ব্যক্তি হিসাব ও ৬ টি প্রাতিষ্ঠানিক বিও হিসাব খোলা হয়েছে। বর্তমানে ১৭,৪০৮ টি ব্যক্তি বিও হিসাব ও ২৬৭ টি প্রাতিষ্ঠানিক বিও হিসাব সক্রিয় রয়েছে;

৪. আলোচ্য সময়ে উভয় স্টক এক্সচেঞ্জে সংঘটিত মোট লেনদেনের মধ্যে আইএসটিসিএল এককভাবে ১০ শতাংশের অধিক লেনদেন সম্পন্ন করে (৪৪,৪৬১.৭৭ কোটি টাকা) দেশের শীর্ষস্থানীয় স্টক ব্রোকার হিসেবে ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীসহ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের আস্থা অর্জন করেছে। এ ছাড়াও, ২০১৭-১৮ অর্থবছরের মার্চ পর্যন্ত উভয় স্টক এক্সচেঞ্জে সংঘটিত ১,৩৭,১২২.২৪ কোটি টাকার মধ্যে আইএসটিসিএল কর্তৃক ১২,৫০৫.৫৬ কোটি টাকা লেনদেন করা হয় যা ৯.০০ শতাংশের অধিক;

৫. বিনিয়োগকারীগণকে অপেক্ষাকৃত উন্নততর কর্মপরিবেশে সেবা প্রদানের নিমিত্ত কোম্পানি কর্তৃক ক্রয়কৃত ৮৯, কাকরাইল, গ্রিন সিটি এজ ভবনের নিজস্ব ফ্লোরে কোম্পানির প্রধান কার্যালয় স্থানান্তর করা হয়েছে;

৬. এস এম এস সার্ভিসের মাধ্যমে বিনিয়োগকারীদের পোর্টফোলিও এবং শেয়ার ক্রয়-বিক্রয় এর হালনাগাদ তথ্য সরবরাহ করা হচ্ছে;

৭. বিনিয়োগকারীগণকে যুগোপযোগী ও আধুনিক সুযোগ সুবিধা সংবলিত Transaction এর সুবিধা প্রদানের লক্ষ্যে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ-এ Mobile Trading ও Internet Trading System চালুকরণ;

৮. ডিএসই এর Mobile Apps এর মাধ্যমে সাধারণ ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের ট্রেডিং কার্যক্রমে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে দেওয়া;

৯. Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN) এর মাধ্যমে Fund Withdrawal সুবিধা চালুকরণ।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

  - ✓ পুঁজিবাজারে ব্যাংক ও সমমানের আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্রমবর্ধমান প্রতিযোগিতা;
  - ✓ বিভিন্ন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে পুঁজিবাজারের অস্বাভাবিক আচরণ ও ব্যাপক উত্থান পতন;
  - ✓ পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে বিনিয়োগকারীদের আস্থাহীনতা;
  - ✓ পত্রকোষের সুষ্ঠু ব্যবস্থাপনার ক্ষেত্রে তালিকাভুক্ত পারফরমেন্সধারী মৌলভিত্তিসম্পন্ন সিকিউরিটিজের ঘাটতি;
  - ✓ আমানত সংগ্রহ ও তহবিল ব্যবস্থাপনায় প্রতিবন্ধকতা;
  - ✓ বাজার পরিস্থিতির কারণে মার্জিন ঋণ আদায়ে প্রতিবন্ধকতা; ও
  - ✓ বৈদেশিক প্রশিক্ষণ প্রদানে সীমাবদ্ধতা।

➢ **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

১. বিনিয়োগ ক্ষেত্র সম্প্রসারণ ও বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে ক্ষুদ্র বিনিয়োগকারীদের বিভিন্ন ধরনের প্রণোদনা প্রদান;

২. Auto Fire Suppression System চালুর মাধ্যমে অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ;

৩. Firewall Deploy করে সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ;

৪. Internet Service (On-Line Portfolio, Ledger, Trade Confirmation Report etc.) প্রদান করা;

৫. Digitalized Access Control System চালুকরণ;

৬. Central Pay Roll System বাস্তবায়ন;

৭. বিনিয়োগ হিসাবের সংখ্যা বৃদ্ধি করা।

## ২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ১৯০.০০ কোটি টাকা ঋণ বিতরণ;
- ১৯৫.০০ কোটি টাকা ঋণ আদায়;
- আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ-এর নিজস্ব পত্রকোষে ৪৫.০০ কোটি টাকা বিনিয়োগ;
- আইসিটি ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে ৮৫% আইসিটি কার্যক্রম বাস্তবায়ন ।

## সেকশন ১:

## আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিঃ (আইএসটিসিএল)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

দেশের শীর্ষ এবং নির্ভরযোগ্য ব্রোকারেজ হাউজ হিসেবে নিজেদের অবস্থান সমুন্নত রাখা।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

১. কোম্পানির সম্মানিত গ্রাহকগণকে মানসম্মত সেবা প্রদান করা;
২. অভিজ্ঞ ও দক্ষ কর্মীবাহিনীর মাধ্যমে কোম্পানির বিনিয়োগকারীগণকে অন্যান্য প্রতিযোগী প্রতিষ্ঠানের তুলনায় অধিকতর সেবা প্রদান করা;
৩. সম্মানিত গ্রাহকগণের সাথে সুসম্পর্ক বজায় রাখা এবং ইতিবাচক সেবা প্রদানের মাধ্যমে তাঁদের প্রয়োজন/চাহিদা মেটানো;
৪. দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধি ধরে রাখার লক্ষ্যে সকল প্রচেষ্টা অব্যাহত রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. বিনিয়োগ সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং নতুন নতুন উদ্যোক্তা ও বিনিয়োগকারী সৃষ্টির মাধ্যমে কোম্পানির আয় বৃদ্ধি এবং জাতীয় অর্থনীতিতে অবদান;
২. ঋণ মানের উন্নয়ন;
৩. ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ এবং
৪. প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মানোন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

### ১.৪ কার্যাবলি (Functions):

- প্রধান কার্যালয় এবং ৭টি শাখা কার্যালয়ের ৭০টি ট্রেডিং ওয়ার্ক স্টেশন (TWS)-এর মাধ্যমে দেশের ক্ষুদ্র ও মাঝারী বিনিয়োগকারীসহ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণকে ব্রোকারেজ সেবা প্রদান;
- OTC মার্কেট কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালন;
- সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)-এর পূর্ণসেবা প্রদানকারী হিসেবে বিও হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ, কাগুজে শেয়ার অজড়করণ এবং পুন:জড়করণ, শেয়ার বন্ধকীকরণ ও অবমুক্তকরণ, শেয়ার হস্তান্তর এবং শেয়ার লেনদেন নিষ্পত্তিসহ যাবতীয় কার্যাবলী সম্পাদন;
- বিএসইসি এর স্টক ডিলার, ব্রোকার ও Authorized Representative Rules-2000 এর বিধানাবলীর আলোকে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণকে স্টক ব্রোকারেজ সেবা প্রদান;
- বিএসইসি এর মার্জিন বিধি-১৯৯৯ মোতাবেক মার্জিন হিসাবধারীগণকে ঋণ প্রদান;
- অনুমোদিত স্টক ডিলার হিসেবে নিজস্ব পত্রকোষ ব্যবস্থাপনা;
- আইপিও সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন।

## সেকশন – ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

ক) দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনের সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ (মার্চ, ২০১৮ পর্যন্ত)* | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (১) বিনিয়োগ সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং নতুন নতুন উদ্যোক্তা ও বিনিয়োগকারী সৃষ্টির মাধ্যমে কোম্পানির আয় বৃদ্ধি এবং জাতীয় অর্থনীতিতে অবদান | ৪৭ | (১.১) পুঁজিবাজারে বিনিয়োগ | (১.১.১) বিনিয়োগের পরিমাণ | কোটি টাকা | ১৭ | ৩৭.০১ | ৩১.৫৬ | ৪৫.০০ | ৪৪.০০ | ৪৩.০০ | ৪২.০০ | ৪০.০০ | ৪৭.০০ | ৫০.০০ |
| | | | (১.১.২) স্টক এক্সচেঞ্জসমূহে লেনদেনের পরিমাণ | কোটি টাকা | ১০ | ২১০২৮.৪৬ | ১২৫০৫.৫৬ | ২০০০০.০০ | ১৮৫০০.০০ | ১৭০০০.০০ | ১৬৭০০.০০ | ১৫০০০.০০ | ২১০০০.০০ | ২২০০০.০০ |
| | | (১.২) মার্কেট পার্টিসিপেন্ট সৃষ্টি | (১.২.১) নতুন বিও/ বিনিয়োগ হিসাব খোলা | সংখ্যা | ৫ | ৬০৬ | ৫১৮ | ৮০০ | ৭৮০ | ৭৫০ | ৭০০ | ৬০০ | ৮৪০ | ৮৮৫ |
| | | (১.৩) ঋণ ও অগ্রিম বিতরণ | (১.৩.১) বিতরণকৃত মার্জিন ঋণ | কোটি টাকা | ৫ | ৩৫৬.৯৮ | ১০৫.০৮ | ১৯০.০০ | ১৭০.০০ | ১৫৫.০০ | ১৪০.০০ | ১২৫.০০ | ২০০.০০ | ২১০.০০ |
| | | (১.৪) ঋণ ও অগ্রিম আদায় | (১.৪.১) আদায়কৃত মার্জিন ঋণ | কোটি টাকা | ১০ | ৩৮৮.৮৮ | ১০৮.৯৫ | ১৯৫.০০ | ১৭৫.০০ | ১৬০.০০ | ১৪৫.০০ | ১৩০.০০ | ২০৫.০০ | ২১৫.০০ |
| (২) ঋণ মানের উন্নয়ন | ১০ | (২.১) শ্রেণিকৃত ঋণ ও অগ্রিম হতে নগদ আদায় | (২.১.১) আদায়কৃত শ্রেণিকৃত ঋণ ও অগ্রিম | কোটি টাকা | ১০ | ৬.০০ | ২.৭৪ | ৫০.০০ | ৪৫.০০ | ৪২.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৪.০০ | ৫.০০ |
| (৩) ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ | ১৫ | (৩.১) প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ | (৩.১.১) সংরক্ষিত প্রভিশনের হার | % | ১৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| (৪) প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মানোন্নয়ন | ৮ | (৪.১) প্রতিষ্ঠানের আইসিটি ব্যবস্থা উন্নতকরণ | (৪.১.১) আইসিটি কার্যক্রম বাস্তবায়নের হার | % | ৮ | ৮০ | ৮০ | ৮৫ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮১ | ৯০ | ১০০ |

* সাময়িক।

## খ) মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ লক্ষ্যমাত্রার মান (২০১৮-২০১৯) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (objectives) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Pl) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই ২০১৮ | ২৯ জুলাই ২০১৮ | ৩০ জুলাই ২০১৮ | ৩১ জুলাই ২০১৮ | ০১ আগস্ট ২০১৮ |
| | | ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি ২০১৯ | ১৬ জানুয়ারি ২০১৯ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা* | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত* | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারিকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ০৭ জানুয়ারি ২০১৯ | ১৪ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ১৫ জানুয়ারি ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড, আইসিবির ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

---------------------

প্রধান নির্বাহী কর্মকর্তা
আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

তারিখ ১৪/০৬/২০১৮

---------------------

ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

তারিখ ১৪/৬/২০১৮

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| **ক্রমিক নম্বর** | **শব্দ সংক্ষেপ** (Acronyms) | **বিবরণ** |
|---|---|---|
| ১ | আইসিবি | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ২ | আইএসটিসিএল | আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড |
| ৩ | বিএসইসি | বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন |
| ৪ | ডিএসই লিঃ | ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড |
| ৫ | সিএসই লিঃ | চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড |
| ৬ | ICB | Investment Corporation of Bangladesh |
| ৭ | TWS | Trading Work Station |
| ৮ | IPO | Initial Public Offering |
| ৯ | NRB | Non Resident Bangladeshi |
| ১০ | OTC | Over The Counter |

# কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাণ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পুঁজিবাজারে বিনিয়োগ | বিনিয়োগের পরিমাণ | আইএসটিসিএল এর নিজস্ব পত্রকোষে ৪৫.০০ কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে পত্রকোষকে সমৃদ্ধ করা। | পত্রকোষ ব্যবস্থাপনা ইউনিট। | কোটি টাকায় ও বার্ষিক প্রতিবেদন | ----- |
| ২ | ঋণ ও অগ্রিম বিতরণ | বিতরণকৃত মার্জিন ঋণ | পুঁজিবাজারকে গতিশীল করার উদ্দেশ্যে ১৯০.০০ কোটি টাকার ঋণ বিতরণ। | ট্রেড এক্সিকিউশন ডিপার্টমেন্ট এবং উত্তরা শাখা। | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ----- |
| ৩ | ঋণ ও অগ্রিম আদায় | আদায়কৃত মার্জিন ঋণ | কোম্পানির তারল্য পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে বিতরণকৃত ঋণের মধ্যে ১৯৫.০০ কোটি টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহতকরণ। | ট্রেড এক্সিকিউশন ডিপার্টমেন্ট এবং উত্তরা শাখা। | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ----- |
| ৪ | শ্রেণিকৃত ঋণ ও অগ্রিম হতে নগদ আদায় | আদায়কৃত শ্রেণিকৃত ঋণ ও অগ্রিম | ২০১৮-১৯ অর্থবছরে নুন্যতম ৫০.০০ কোটি টাকা শ্রেণিকৃত ঋণ আদায়ের লক্ষ্যে হিসাব ধারকগণের সাথে নিবিড় যোগাযোগসহ প্রণোদনামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা। | ট্রেড এক্সিকিউশন ডিপার্টমেন্ট এবং উত্তরা শাখা। | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ----- |
| ৫ | প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ | সংরক্ষিত প্রভিশনের হার | আর্থিক ঝুঁকি হ্রাসকল্পে প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণের প্রচেষ্টা অব্যাহত রাখা। | ফাইন্যান্স এন্ড একাউন্টস ডিপার্টমেন্ট এবং বাজেটারি কন্ট্রোল এন্ড রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট। | শতকরা হিসাবে এবং বার্ষিক প্রতিবেদন | ----- |
| ৬ | প্রতিষ্ঠানের আইসিটি ব্যবস্থা উন্নতকরণ | আইসিটি কার্যক্রম বাস্তবায়নের হার | যুগোপযোগী তথ্য ও প্রযুক্তিগত উন্নয়নের সাথে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে ৮৫% আইসিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন। | কম্পিউটার ডিপার্টমেন্ট। | শতকরা হিসাবে এবং কোম্পানির অভ্যন্তরীণ তথ্য | ----- |

সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |